আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নম্বর-০৪ | তারিখঃ ৩০ মার্চ ২০১৬
১৬ চৈত্র ১৪২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নিবন্ধিত বিশেষ উদ্দেশ্যে গঠিত এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত নয় এরূপ তহবিল বা তহবিলসমূহে বিনিয়োগ প্রসঙ্গে**

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক নিবন্ধিত বিশেষ উদ্দেশ্যে গঠিত এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত নয় এরূপ কোন তহবিল বা তহবিলসমূহে (যেমনঃ- Alternative Investment Fund, Special Purpose Vehicle বা সমজাতীয় কোন তহবিল) আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিনিয়োগের ক্ষেত্রে এখন হতে নিম্নোক্ত নীতিমালা অনুসরণীয় হবেঃ

১. উপরোল্লিখিত তহবিল বা তহবিলসমূহে কোন আর্থিক প্রতিষ্ঠানের মোট বিনিয়োগ তার পরিশোধিত মূলধনের ৫০ শতাংশের অধিক হবে না ;

২. এরূপ একক কোন তহবিলে কোন আর্থিক প্রতিষ্ঠানের বিনিয়োগ তার পরিশোধিত মূলধনের ১০ শতাংশ অথবা প্রস্তাবিত তহবিলের মাধ্যমে সংগৃহীতব্য অর্থের ২০ শতাংশ, এ দুইয়ের মধ্যে যা কম, তা হতে অধিক হবে না;

৩. এরূপ কোন তহবিল বা তহবিলসমূহে বিনিয়োগের সিদ্ধান্ত আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হতে হবে এবং বিনিয়োগের commitment প্রদানের পূর্বে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণের জন্য আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট তহবিল বা তহবিলসমূহের যাবতীয় তথ্যাদি (৪নং অনুচ্ছেদে বর্ণিত অঙ্গীকারনামাসহ) এবং বিনিয়োগকারী আর্থিক প্রতিষ্ঠানের মূলধন, তারল্য, সম্পদ ও দায়ের গুণগত মান ও পরিমাণ-এর সর্বশেষ তথ্যাদি দাখিল করতে হবে;

৪. সংশ্লিষ্ট তহবিলের ট্রাস্টি এ মর্মে অঙ্গীকার করবে যে-
   ক. বিনিয়োগকৃত তহবিল বা তহবিলসমূহ সংশ্লিষ্ট বিনিয়োগকারী আর্থিক প্রতিষ্ঠানের কোন শেয়ার/ডিবেঞ্চার/বন্ড/অন্য কোন ইন্স্ট্রুমেন্টে বা বিনিয়োগকারী আর্থিক প্রতিষ্ঠানের সাথে সম্পর্কযুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে বিনিয়োগ করা হবে না; এবং
   খ. অপর কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের উপর উক্ত তহবিলের কোন ধরণের আর্থিক দাবী নেই এবং ভবিষ্যতে এরূপ দাবীর সৃষ্টি হতে পারে এমন কোন বিনিয়োগেও উক্ত তহবিল ব্যবহার করা হবে না;

৫. এরূপ কোন তহবিল বা তহবিলসমূহে কোন আর্থিক প্রতিষ্ঠানের বিনিয়োগ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা নং ১৬ এ নির্ধারিত সীমার আওতা বহির্ভূত হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শাহ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ 9530178